



মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
৫৮-৫৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম (www.mpl.gov.bd)।
“ক্ষমবোধে দুর্নীতি, গড়বোধে দেশ, উন্নত হবে বঙ্গবন্ধুর বাংলাদেশ”



পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

অত্র কোম্পানিতে মেডিকেল অফিসার পদে নিয়োগের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শিক্ষাগত/পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত/ পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা	বয়স
মেডিকেল অফিসার গ্রেড : এম-৫ স্কেল: ৩৫৫০০-৩৭২৮০-৩৯১৫০---৬০৭৭০। (তৎসহ আকর্ষণীয় ভাতা/ সুবিধাদি)	০১ (এক) টি	এমবিবিএস পাশ। খ্যাতনামা শিল্প কারখানায় মেডিকেল অফিসার হিসেবে ৭ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা। মেডিসিন/সার্জারী/ পাবলিক হেলথ বিষয়ের উপর স্নাতকোত্তর ডিগ্রী/উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। পিজিটি কোর্স ও ডিপ্লোমা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলে ডাক্তার হিসেবে রেজিস্ট্রেশন থাকতে হবে।	সর্বোচ্চ ৪০ বছর।

আবেদনের প্রয়োজ্য শর্তাবলী :

- প্রার্থীর বয়স ৩১-০১-২০২২ তারিখে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত বয়সের অধিক হবে না। বয়সের ব্যাপারে কোন রকম এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের কম্পিউটার জ্ঞান/প্রশিক্ষণ থাকা আবশ্যিক।
- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত কলেজ/ বিশ্ববিদ্যালয়ের হতে হবে।
- চাহিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার সরকারী বিধি-বিধান অনুসরণ করা হবে।
- প্রার্থীকে লিখিত/মৌখিক/স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা/ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় ডকুমেন্টসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে।
 - শিক্ষাগত যোগ্যতার সনদ। শিক্ষাগত যোগ্যতার সনদে শ্রেণি/গ্রেড উল্লেখ না থাকলে মার্কসিট/ ট্রান্সক্রিপ্ট।
 - বিদেশী ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত সমমানের সনদপত্র।
 - জাতীয় পরিচয় পত্র।
 - প্রার্থীর স্থায়ী ঠিকানা এবং জাতীয় পরিচয় পত্রে উল্লিখিত ঠিকানা একই না হলে স্থায়ী ঠিকানার ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ।
 - বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের সদস্য হিসেবে রেজিস্ট্রেশনের কপি।
 - পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ।
- সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে আবেদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পত্র।
- আবেদন পত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকার ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড বরাবরে প্রেরণ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এর ক্ষমতা সংরক্ষণ করে এবং এ নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আগ্রহী প্রার্থীগণকে সম্প্রতি তোলা চার (৪) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ চাহিত ডকুমেন্টসমূহের সত্যায়িত ফটোকপি এবং বায়োডাটাসহ ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, ৫৮-৫৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম এর বরাবরে আবেদনপত্র প্রেরণ করতে হবে। খামের উপর পদের নাম উল্লেখপূর্বক রেজিস্টার ডাক (এডিসহ)/ কুরিয়ার যোগে ৩১-০১-২০২২ তারিখের মধ্যে আবেদন পত্র পৌছাতে হবে।

স্বাঃ
(মোঃ টিপু সুলতান)
ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর)